

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ-১ শাখা
www.powerdivision.gov.bd

নম্বর- ২৭.০০.০০০০.০৯৬.১৪.০১৩.২২-২০৫

তারিখ: ০৮ ভাদ্র ১৪৩০
২৩ আগস্ট ২০২৩

পরিপত্র

বিষয়: নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে নেট মিটারসহ রুফটপ সোলার সিস্টেম স্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইতঃপূর্বে বিদ্যুৎ বিভাগ থেকে জারিকৃত নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে ভবনে সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত নির্দেশনাসমূহ বাতিলপূর্বক নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের সময় নেট মিটারিং পদ্ধতিতে সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১। আবাসিক গ্রাহকগণের ক্ষেত্রে ভবনের ছাদে কমপক্ষে ১০০০ বর্গফুট জায়গা থাকলে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার প্যানেল স্থাপন করতে হবে। এক্ষেত্রে:

- ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে কমপক্ষে ১ (এক) কিলোওয়াট (১০০০ ওয়াট) পিক ক্ষমতার নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে; এবং
- খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) কিলোওয়াট (৩০০০ ওয়াট) পিক নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

২। শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের ক্ষেত্রে:


- ক) ৮০ কিলোওয়াট পর্যন্ত লোড বরাদ্দ প্রাপ্ত গ্রাহকদের অনুমোদিত লোডের ১৫% ক্ষমতার সোলার সিস্টেম নেট মিটারিং পদ্ধতিতে স্থাপন করতে হবে;
- খ) ৮০ কিলোওয়াট-এর অধিক এবং ৫০০ কিলোওয়াট পর্যন্ত লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের মোট অনুমোদিত লোডের ন্যূনতম ১২% ক্ষমতার সোলার সিস্টেম নেট মিটারিং নির্দেশিকা-২০১৮ (সর্বশেষ সংশোধিত) অনুসরণ করে স্থাপন করতে হবে;
- গ) ৫০০ কিলোওয়াট-এর অধিক লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের ক্ষেত্রে গ্রাহকদের মোট অনুমোদিত লোডের ন্যূনতম ১০% ক্ষমতার সোলার সিস্টেম নেট মিটারিং নির্দেশিকা-২০১৮ (সর্বশেষ সংশোধিত) অনুসরণ করে স্থাপন করতে হবে।

৩। শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল ও দাতব্য প্রতিষ্ঠানে সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে কমপক্ষে ১ (এক) কিলোওয়াট (১০০০ ওয়াট) পিক ক্ষমতার নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে এবং থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) কিলোওয়াট (৩০০০ ওয়াট) পিক নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

৪। সোলার প্যানেল স্থাপনের জন্য পর্যাপ্ত জায়গা না থাকলে সংস্থা/কোম্পানি প্রধানগণ ৩ (তিন) সদস্যের টিম গঠন করে সরেজমিন তদন্তপূর্বক বাস্তবতার নিরিখে সোলার প্যানেলের ক্ষমতা (Capacity) নির্ধারণ করে দিবেন।

৫। ইতোমধ্যে বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত গ্রাহকগণ যারা বরাদ্দকৃত লোড বৃদ্ধি করতে চান তাদেরকেও অতিরিক্ত অনুমোদিত লোডের উপর উল্লিখিত হার অনুযায়ী সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

৬। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



২৩/০৮/২০২৩
মুহাম্মদ হাসনাত মোর্শেদ ভূঁইয়া
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৫৪৪০৯
ইমেইল: eec@pd.gov.bd

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), আইইবি ভবন, রমনা, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ (ডেসকো), ২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, ৩৫, বয়রা মেইন রোড, বয়রা, খুলনা।
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ (নেসকো), বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। যুগ্মসচিব (নবায়নযোগ্য জ্বালানি), বিদ্যুৎ বিভাগ।
- ০২। প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।